10 JAN 2009

সংবাদ

তারিখ 5 OCT 2009
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২

সংসদে প্রশ্নোত্তরে শিক্ষামন্ত্রী

# মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করা হলেও ধর্মীয় বিষয়ে পরিবর্তন হবে না

সংবাদ বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল সংসদে বলেছেন, মাদ্রাসা শিক্ষাকে যুগোপযুগী ও আধুনিকীকরণ করা হলেও ধর্মীয় বিষয়গুলোতে কোন পরিবর্তন আনা হবে না। কোরান, হাদিস, ফিকাহ, আরবি ইত্যাদি ধর্মীয় বিষয় আগের মতোই থাকবে। শুধু শিক্ষা পদ্ধতিকে আধুনিক করার জন্য নতুন শিক্ষানীতিতে বিভিন্ন সুপারিশ রাখা হয়েছে। মাদ্রাসা শিক্ষার্থীরা যেন বিভিন্ন কাজে সম্পৃক্ত হতে পারে সেজন্য ধর্মীয় বিষয়ের পাশাপাশি বাংলা, ইংরেজির মতো আধুনিক বিষয় রাখতে চাই আমরা। এছাড়া কওমি মাদ্রাসা প্রতিষ্ঠা ও পরিচালনার ক্ষেত্রে একটি নিয়ম-রীতি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট মাদ্রাসা কর্তৃপক্ষের সঙ্গে সরকারের আলোচনা চলছে। একটি পদ্ধতি স্থির করার প্রাথমিক পদক্ষেপ হিসেবে জেলা প্রশাসকদের মাধ্যমে কওমি মাদ্রাসার তথ্য যাচাই করা হচ্ছে।

সংরক্ষিত মহিলা আসনের এমপি অধ্যাপক অপু উকিল কওমি মাদ্রাসায় জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশনের ব্যবস্থা করা হবে কি না মন্ত্রীর কাছে জানতে চাইলে মন্ত্রী বলেন, কওমি মাদ্রাসা মানেই জঙ্গিবাদের কেন্দ্র- এমন ধারণা ঠিক

পরিবর্তন : পৃ: ২ ক: ৫

## পরিবর্তন : হচ্ছে না

নয়। মাদ্রাসা মানেই সেখান থেকে জঙ্গি তৈরি হয় বলেও মনে করি না আমরা। কেউ কেউ ধর্মপ্রাণ সরল মানুষের সরলতার সুযোগ নিয়ে ধর্মকে ব্যবহার করে।

সংসদ সদস্য কে এম খালিদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী আরো জানান, বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির ক্ষেত্রে ব্যাপক অনিয়ম ও দলীয়করণ হয়েছে। এর মধ্যে পাসের হার শূন্য- এমন শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা শিগগিরই তৈরি করে সংসদে পেশ করা হবে। তিনি বলেন, যোগ্যতা নেই এমন বহু প্রতিষ্ঠান জোট সরকারের আমলে এমপিওভুক্ত হয়েছে। সেসব প্রতিষ্ঠানের ফলাফলও খুব হতাশাব্যঞ্জক। এমনও দেখা গেছে, এবার ৮টি কলেজ থেকে ২০ জন পরীক্ষা দিয়েছে এবং কেউই পাস করতে পারেনি। অথচ সেসব শিক্ষা প্রতিষ্ঠানের পেছনে বছরে সরকারের দেড় কোটি টাকা খরচ হয়। আর সেসব অযোগ্য প্রতিষ্ঠানের জন্য বহু যোগ্য প্রতিষ্ঠান আজ এমপিওভুক্তি হতে পারছে না। এমপিওভুক্তির জন্য সরকারের বাজেট ১১২ কোটি ৩৫ লাখ টাকা। অথচ যে পরিমাণ শিক্ষা প্রতিষ্ঠান আবেদন করেছে তাতে ৬শ' কোটি টাকা প্রয়োজন।

তিনি জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক, সামাজিক ও শিক্ষা উপদেষ্টার নেতৃত্বে এমপিওভুক্তকরণ বিষয়ে একটি নীতিমালা তৈরি করে মন্ত্রণালয়ে সুপারিশ করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি সুপারিশ করলে এমপিওভুক্তির বিষয়ে বাজেটে বরাদ্দকৃত অর্থ অনুসারে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করা হবে।